



আপনার অভিমত আমাদের জানতে দিন!

[একটি কমিউনিটি অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে নির্বাচন করার জন্য এখনই আবেদন করুন!](#)

আপনি কি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর (NYCPS) বিভিন্ন নীতি ও প্রাধান্য রূপদানে অংশ হতে চান? কমিউনিটি বা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের একটি পদে নির্বাচন করার আবেদনপত্র এখন উন্মুক্ত!

32-টি কমিউনিটি এডুকেশন কাউন্সিল এবং 4-টি সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের সদস্যরা হলেন নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী এবং পরিবারদের পক্ষাবলম্বনকারী বা অ্যাডভোকেট। তারা গুরুত্বপূর্ণ উপায়ে তাদের কমিউনিটিগুলোতে শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে সহায়তা করেন, এতে অন্তর্ভুক্ত বিভিন্ন শিক্ষাগত প্রোগ্রাম পর্যালোচনা করা, স্কুলের জোনিং সীমারেখা অনুমোদন করা, এবং NYCPS-এর শিক্ষার্থীদের পরিষেবা উন্নত করতে সুপারিশ করা।

আবেদন করা দ্রুত এবং সহজ: শুরু করতে শুধু [schoolaccount.nyc](https://schoolaccount.nyc.gov)-এ আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট-এ (NYCSA) লগ ইন করুন। একবার সেখানে যাবার পর, আপনি আপনার আবেদনপত্র 5 থেকে 10 মিনিটের মধ্যে পূরণ করতে পারেন এবং সুপারিশকৃত সংক্ষিপ্ত ব্যক্তিগত বিবৃতি জমা দিতে পারেন।

আপনার একটি NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) আছে কি? এখনই [schoolaccount.nyc](https://schoolaccount.nyc.gov)-এ আপনার অ্যাকাউন্ট তৈরি করুন; তারপর, প্রক্রিয়াটি সম্পন্ন করতে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন এবং নিশ্চিত করুন যে আপনার সম্ভানদের অ্যাকাউন্টে যোগ করা হয়েছে। আপনার অ্যাকাউন্ট কীভাবে তৈরি ও যাচাই করবেন সেবিষয়ে আরও জানতে, অনুগ্রহ করে school.nyc.gov/nycsa দেখুন।

আমরা আমাদের স্কুল কমিউনিটির সকল পিতামাতাকে আপনাদের মতামত প্রকাশের এই সুযোগ গ্রহণ করতে, এবং কোনো এডুকেশন কাউন্সিলে একটি আসনে নির্বাচন করতে আজই আপনাদের আবেদন জমা দিতে উৎসাহিত করি! আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ 16 ফেব্রুয়ারি, 2025।

এডুকেশন কাউন্সিলগুলো সম্পর্কে আরো জানতে চান?

- অংশগ্রহণ করার জন্য [কাউন্সিল মিটিং ক্যালেন্ডার](#) থেকে আসন্ন মিটিং খুঁজে নিন।
- সম্ভাব্য প্রার্থীদের জন্য একটি যোগ্যতা যাচাই-তালিকা সহ এই বছরের নির্বাচনে অংশগ্রহণ সংক্রান্ত অতিরিক্ত আপডেট ও তথ্যের জন্য [নির্বাচনী হোমপেজ](#) দেখুন।